



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ২২ মার্চ ২০১৮



## শোক বার্তা

আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, ২১ মার্চ ২০১৮ তারিখ, বুধবার, একাত্তরে পাক হানাদার বাহিনীর বিরুদ্ধে সম্মুখ যুদ্ধে অংশ নেয়া বীরপ্রতীক খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা নুরজাহান কাকন বিবির মৃত্যুতে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এবং এর পরিবার গভীরভাবে শোকাহত (ইন্সালিল্লাহের ওয়া ইন্না ইলাহে রাজিউন)।

১৯৭১ সালে তিনি তিন বছর বয়সী মেয়ে সখিনাকে রেখে যুদ্ধে চলে যান। অস্ত্র চালনার প্রশিক্ষণ নিয়ে তিনি টেংরাটিলাসহ প্রায় নয়টি সম্মুখ যুদ্ধে অংশগ্রহণ করেন এবং একইসঙ্গে গুপ্তচরের কাজও চালিয়ে যান। এ সময় তিনি শরীরে গুলিবিদ্ধ হন। মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের জন্য ১৯৯৬ সালে তাকে বীরপ্রতীক উপাধিতে ভূষিত করা হয়।

ব্লাস্ট পরিবার এর পক্ষ থেকে আমরা তার শোক সন্তপ্ত পরিবারকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি এবং তার বিদেহী আত্মার শান্তি কামনা করছি। তার সংগ্রামী জীবন আমাদের পাথেয় হয়ে থাকবে।

ব্লাস্ট পরিবার